দৈনিক ইত্তেফাক

তারিখ 21 NOV. 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# আজ ছাত্রঐক্যের প্রতিরোধ দিবস

( ইত্তেফাক রিপোর্ট )

সর্বদলীয় ছাত্র ঐক্য গতকাল (মঙ্গলবার) প্রেসক্লাবের সম্মুখে এক সমাবেশে চলমান আন্দোলনবিরোধী মহলকে পাড়ায়, মহল্লায়, গ্রামে-

(২য় পৃঃ দ্রঃ)

## ছাত্রঐক্যের প্রতিরোধ দিবস

(১ম পৃঃ পর)

গঞ্জে প্রতিহত করার আহ্বান জানাইয়াছে। সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, সরকারের অপসারণ না হওয়া পর্যন্ত সারা দেশে প্রতিরোধ কর্মসূচী অব্যাহত থাকিবে। সমাবেশে গতকাল প্রেস ক্লাব সম্মুখস্থ সেগুনবাগিচা রোডে ছাত্রনেতা নাজমুল হক প্রধানকে হামলা, বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার বাসায় ও আওয়ামী লীগ অফিসে হামলার প্রতিবাদে আজ (বুধবার) সারাদেশে প্রতিরোধ দিবস পালনের আহ্বান জানানো হয়।

ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান, ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব, ছাত্র ইউনিয়নের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুল, ছাত্রলীগ (না-শ) সাধারণ সম্পাদক শফি আহমেদ, ছাত্র মৈত্রীর সাধারণ সম্পাদক নূর আহমেদ বকুল, জাতীয় ছাত্রলীগ নেতা কামাল হোসেন সমাবেশে বক্তৃতা করেন। সমাবেশে ৩ জোটের যুক্ত ঘোষণার প্রতি অভিনন্দন জানাইয়া এই ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে ২৬শে নভেম্বর সারাদেশে সকাল-সন্ধ্যা হরতাল পালন করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানানো হয়।

সেগুনবাগিচা রোডে ছাত্রনেতা প্রধান আহত হওয়ার পর ছাত্র ঐক্যের কর্মীরা ক্যাম্পাস হইতে মিছিল করিয়া প্রেসক্লাবের সম্মুখে সমাবেশের আয়োজন করে।

সমাবেশে ডাকসুর ভিপি ছাত্র দলের আহ্বায়ক আমান উল্লাহ আমান বলেন, মাস্তান বাহিনীর মাধ্যমে মিছিলে হামলা নেতৃবৃন্দকে গ্রেফতার ও নির্যাতন করিয়া আন্দোলন দমন করা যাইবে না। ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব বলেন, দেশকে ভয়াবহ ধ্বংসের হাত হইতে রক্ষার জন্য আমরা আন্দোলনে নামিয়াছি। আমরা জানি, স্বৈরাচারের ভাড়াটে বাহিনীর বিরুদ্ধে আমাদেরকে লড়াই করিতে হইবে। ছাত্র ইউনিয়নের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুল ছাত্রলীগ নেতা প্রধান আহত হওয়ার ঘটনায় জনৈক ওয়ার্ড কমিশনারকে দায়ী করেন। সমাবেশ শেষে ছাত্র ঐক্যের কর্মীরা হরতালের সমর্থনে নগরীর বিভিন্ন এলাকায় মিছিল বাহির করে।

বি,এন,পি চেয়ারম্যান বেগম খালেদা জিয়ার বাসায় হামলা ও ছাত্রনেতা নাজমুল হক প্রধানকে আহত করার ঘটনার প্রতিবাদে ছাত্র ইউনিয়ন, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ ( সা-সা ), জাতীয় ছাত্রলীগ, ছাত্রলীগ (রে-মো), গণতান্ত্রিক ছাত্রলীগ, ছাত্রলীগ (হু-আ), সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, জাতীয় ছাত্র ঐক্য, ছাত্র মৈত্রী, ছাত্র ফেডারেশন পৃথক বিবৃতি দিয়াছে। বিবৃতিতে চলমান আন্দোলন সফল করার জন্য আহ্বান জানানো হয়।

৩৯

TATISTICS
SHEET — OF — SHEETS
SYSTEM